

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫০০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দু 'ঈদের সালাত - ঈদের মাঠে হেঁটে যাওয়া শরীয়তসম্মত

আরবী

وَعَنْ عَلِيٍّ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: مِنَ السُّنَّةِ أَنْ يَخْرُجَ إِلَى الْعِيدِ مَاشِيًا. رَوَاهُ التِّرْمِذِيُّ، وَحَسَنُهُ

ضعيف. رواه الترمذي (530) وأما قوله: «هذا حديث حسن» فليس بحسن، إذ إسناده تالف، وفيه عدة علة، ولا يقال بأن له شواهد، فكلها لا تصلح للاستشهاد بها بل ضعفها الحافظ بنفسه. وتخريج الشواهد والكلام عليها مفصل بالأصل

বাংলা

৫০০. 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সুন্নাত হচ্ছে ঈদগাহে পায়ে হেঁটে যাওয়া-তিরমিযী একে হাসানরূপে বর্ণনা করেছেন।[1]

ফুটনোট

[1] তিরমিযী ৫৩০, ইবনু মাজাহ ১২৯৬

ইমাম শাওকানী তাঁর নাইলুল আওত্বার (৩/৩৫২) গ্রন্থে বলেন, এ হাদীসের সানাদে খালিদ বিন ইলিয়াস রয়েছেন। যিনি শক্তিশালী রাবী নন, এরূপ মন্তব্য করেছেন বাযযার। ইবনু মুঈন ও ইমাম বুখারী বলেন, সে মানসম্পন্ন রাবী নয়। ইমাম আহমাদ ও নাসায়ী তাকে মাত্ররূক হিসেবে অভিহিত করেছেন। ইমাম নববী তাঁর মাজমু (৫/১০) গ্রন্থে বলেন, এ হাদীসের সানাদের উৎস হচ্ছে হারিস আল আওয়া থেকে যার যঈফ হওয়ার ব্যাপারে আলিমগণ একমত। ইবনু উসাইমীনও তাঁর মাজমু ফাতাওয়া (২০/৪০৯) গ্রন্থে উক্ত রাবীদের দিকেই অঙ্গুলি নির্দেশ

করেছেন। অনুরূপভাবে হাফিয ইবনু হাজার ফাতহুল বারী (২/৫২৩) গ্রন্থেও এর সানাদকে যঈফ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70311>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন